নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৮-২২১

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৫
২৪ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলা ও চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলা পরিষদ এবং বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপ-নির্বাচন উপলক্ষে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- (১) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৮-২১৯, তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০১৮
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৮-২০২, ২০৫ তারিখ: ১ সেপ্টেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ০৩ অক্টোবর ২০১৮ তারিখে কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলা ও চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান পদে এবং বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। ইতঃপূর্বে অনুষ্ঠিত উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচনসমূহে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পিড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল।

২। একইভাবে **০৩ অক্টোবর ২০১৮ তারিখে** কিশোরগঞ্জ জেলার **তাড়াইল উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান ও** চাঁদপুর জেলার **শাহরাস্তি উপজেলার শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষে** সংশ্লিষ্ট উপজেলায় এবং সংযুক্ত তালিকায় উল্লিখিত **ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে** উপনির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০২ অক্টোবর ২০১৮ তারিখ দিবাগত রাত ১২-০০ টা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২-০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) লঞ্চ
(২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান
(৩) স্পিড বোট

৩। তবে সকল ধরনের ইঞ্জিন চালিত নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ না করে শুধু লঞ্চ ও স্পিড বোট চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে। বিশেষ করে ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞা বহির্ভূত রাখতে হবে।

৪। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৫। বর্ণিতাবস্থায় **০৩ অক্টোবর ২০১৮** তারিখ অনুষ্ঠিতব্য এতদসংগে সংযোজিত তালিকায় উল্লিখিত কিশোরগঞ্জ জেলার **তাড়াইল উপজেলা** পরিষদের শূন্য চেয়ারম্যান ও চাঁদপুর জেলার **শাহরাস্তি উপজেলার** শূন্য চেয়ারম্যান এবং বিভিন্ন **ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান** পদে উপ-নির্বাচন উপলক্ষে উল্লিখিত তারিখ ও সময়ের জন্য বিভিন্ন **নৌ-যান** চলাচলের উপর **নিষেধাজ্ঞা** আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদানের জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ....পাতা

২৪/৯/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

সচিব
নৌ-পরিবহণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব (প্রশাসন-১)]

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৮-২২১

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৫ / ২৪ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক,বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ...(সংশ্লিষ্ট বিভাগ)
৮. উপ মহাপুলিশ পরিদর্শক, ...(সংশ্লিষ্ট রেঞ্জ)
৯. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ এবং ওয়েবসাইটে দেয়ার ব্যবস্থা করার জন্য]
১৪. জেলা প্রশাসক, ...(সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সকল)
১৬. পুলিশ সুপার, ...(সংশ্লিষ্ট)
১৭. জেলা নির্বাচন অফিসার................................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সংশ্লিষ্ট)
১৯. জেলা তথ্য অফিসার, ... (সংশ্লিষ্ট)
২০. উপজেলা নির্বাহী অফিসার, ... (সংশ্লিষ্ট)
২১. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব.. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব .... এর সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/প্রোগ্রামার/সহকারী সচিব/সহকারী প্রোগ্রামার......................... (সংশ্লিষ্ট)/ সহকারী পরিচালক (জনসংযোগ) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ...(সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...(সংশ্লিষ্ট থানা)।

২৪/৯/১৮

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯